

জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধানঃ রোপা আমন মৌসুমের জন্য চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত সর্ব প্রথম জাত। ইহার কৌলিক সারি বিআর১১৪০এইচ (BR1140H)। এ জাতের ক্রশ কম্বিনেশন হলো আই আর ৫৮০২৫ এ /ব্রি ১০ আর (IR 58025A/BRR1 10R)। এই জাতটি ২০১০ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে। বন্যামুক্ত এলাকার রোপা আমন চাষের অনুকূল পরিবেশে চাষাবাদের জন্য ব্রি হাইব্রিড ধানঃ নির্বাচন করা যেতে পারে।

জাতের বৈশিষ্ট্য

- ▶ রোপা আমনের আগাম জাত।
- ▶ গাছের উচ্চতা ১১২ সেন্টিমিটার।
- ▶ চাল মাঝারি চিকন, স্বচ্ছ ও সাদা।

জীবনকাল

এ জাতের জীবন কাল ১১৮ দিন।

ফলন

এই জাতের গড় ফলন হেক্টর প্রতি ৬.৫ টন/হেক্টর।



ব্রি হাইব্রিড ধানঃ

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপনঃ বীজ বপনের উপযুক্ত সময় হলো ১৫ জুন থেকে ১৫ জুলাই পর্যন্ত অর্থাৎ ০১ লা আষাঢ় থেকে ৩০ আষাঢ়।
২. চারা রোপনঃ চারা রোপনের উপযুক্ত সময় হলো ০১ শ্রাবণ থেকে ৩০ শ্রাবণ পর্যন্ত অর্থাৎ ১৫ই জুলাই থেকে ১৫ আগষ্ট।
৩. বীজের হারঃ ১৫-২০ কেজি/হেক্টর (২-২.৫ কেজি/বিঘা)।
৪. চারার বয়সঃ ২১-২৫ দিন।
৫. রোপণ দূরত্বঃ ২০ সেমি × ১৫ সেমি ব্যবধানে রোপণ করতে হবে।
৬. চারার সংখ্যাঃ প্রতি গোছায় ১-২টি করে।
৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ সারের মাত্রা অন্যান্য উফশী জাতের মতই।

৭.১ ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা সার (জিংক সালফেট)
২১	১৩	৯	৮	১.২৫
- ৭.২ ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপনের ১০-১২ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপনের ২০-২৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করাই উত্তম।
৮. আগাছা দমনঃ রোপনের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে। আগাছা দমনে আগাছানাশক ব্যবহার করলে অনুমোদিত আগাছানাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।
৯. সেচ ব্যবস্থাপনাঃ ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ পানি বা রসের ব্যবস্থা রাখতে হবে।
১০. রোগ বালাই ও পোকামাকড় দমনঃ রোগ ও পোকাকার জন্য অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
১১. ফসল কাটাঃ ধান কাটার উপযুক্ত সময় হলো ২৫ আশ্বিন থেকে ৩০ আশ্বিন পর্যন্ত অর্থাৎ ১০ অক্টোবর থেকে ১৫ অক্টোবর। শীঘ্রের অগ্রভাগের শতকরা ৮০ ভাগ ধান সোনালী রং ধারণ করলে ধান কাটা শুরু করতে হবে।